



ইসলামিক ফাউন্ডেশন
[প্রতিষ্ঠাতা] জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান :
আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭



মুজিবুর
রহমান

প্রেস বিজ্ঞপ্তি।

জাতীয় চৌদ দেখা কমিটির সভায় সিদ্ধান্ত-
বাংলাদেশের আকাশে আজ পবিত্র শাওয়াল মাসের চৌদ দেখা যায়নি
আগামী ২৫ মে সোমবার সারাদেশে পবিত্র সৈদুল ফিতর পালিত হবে।

ঢাকা, শনিবার, ২৩ মে ২০২০।।

বাংলাদেশের আকাশে আজ কোথাও ১৪৪১ হিজরি সনের পবিত্র শাওয়াল মাসের চৌদ দেখা যাওয়ার সংবাদ পাওয়া যায়নি। ফলে আগামীকাল ২৪ মে রবিবার পবিত্র রমজান মাস ৩০ দিন পূর্ণ হবে। আগামী ২৫ মে সোমবার থেকে পবিত্র শাওয়াল মাস গণনা শুরু হবে। প্রেক্ষিতে, আগামী ২৫ মে সোমবার সারাদেশে পবিত্র সৈদুল ফিতর পালিত হবে।

আজ সক্যায় ইসলামিক ফাউন্ডেশন বায়তুল মুকাররম জাতীয় মসজিদের পূর্ব সাহানে জাতীয় চৌদ দেখা কমিটির সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। এতে সভাপতিত করেন ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মোঃ নূরুল ইসলাম।

সভায় তথ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোঃ মিজান-উল-আলম, ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক আনিস মাহমুদ, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মুঃআহামিদ জমাদার, মন্ত্রিপরিষদ বিভাগের উপ-সচিব মোঃ শাফায়াত মাহবুব চৌধুরী, ওয়াকফ প্রশাসক (ভার:) এস.এম. হুমায়ুন কবির সরকার, ঢাকা জেলার এডিসি (সাধারণ) মোঃ শহিদুজ্জামান, তথ্য মন্ত্রণালয়ের সিনিয়র উপ-প্রধান তথ্য কর্মকর্তা মোঃ শাহেনুর মিয়া, শোলাকিয়াহ সৈদগাহের ইমাম মাওলানা ফরীদ উদ্দীন মাসউদ, বাংলাদেশ টেলিভিশনের পরিচালক মুহাম্মদ, নেছার উদ্দিন জুয়েল, বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠানের পিএসও আবু মোহাম্মদ, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের আবহাওয়াবিদ ড. মোঃ আবদুল মান্নান, সরকারি মাদ্রাসা-ই-আলিয়ার অধ্যক্ষ মোঃ আলমগীর রহমান, বায়তুল মুকাররম জাতীয় মসজিদের সিনিয়র পেশ ইমাম হাফেজ মাওলানা মুহাম্মদ মিজানুর রহমান, চকবাজার শাহী জামে মসজিদের খতীব মাওলানা শেখ নাসৈম রেজওয়ান ও লালবাগ শাহী জামে মসজিদের খতিব মুফতি মুহাম্মদ নেয়ামতুল্লাহ প্রমুখ উপস্থিত ছিলেন।

সভায় ১৪৪১ হিজরি সনের পবিত্র শাওয়াল মাসের চৌদ দেখা সম্পর্কে সকল জেলা প্রশাসন, ইসলামিক ফাউন্ডেশনের প্রধান কার্যালয়-, বিভাগীয় ও জেলা কার্যালয়সমূহ, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর এবং মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান হতে প্রাপ্ত তথ্য নিয়ে পর্যালোচনা করে দেখা যায় যে, আজ ২৯ রমজান ১৪৪১ হিজরি, ৯ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ, ২৩ মে ২০২০ খ্রিস্টাব্দ শনিবার সক্যায় বাংলাদেশের আকাশে পবিত্র শাওয়াল মাসের চৌদ দেখা যাওয়ার সংবাদ পাওয়া যায় নি। এমতাবস্থায়, আগামীকাল ১০ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ, ২৪ মে ২০২০ খ্রিস্টাব্দ রবিবার পবিত্র রমজান মাস ৩০ দিন পূর্ণ হবে এবং আগামী ১১ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ, ২৫ মে ২০২০ খ্রিস্টাব্দ সোমবার থেকে পবিত্র শাওয়াল মাস গণনা শুরু হবে।

প্রেক্ষিতে, আগামী ১ শাওয়াল ১৪৪১ হিজরি, ১১ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ, ২৫ মে ২০২০ খ্রিস্টাব্দ, সোমবার সারাদেশে পবিত্র সৈদুল ফিতর পালিত হবে।

ঢাকা ২৩/৫/২৬
(শায়লা শারমীন)

সহকারী জনসংযোগ কর্মকর্তা

ইসলামিক ফাউন্ডেশন

মোবাইল ০১৫৫৩৫৩৬২৭৬-